



# বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার, ১৪ লিংক রোড, পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০  
ওয়েবসাইটঃ www.pcb.gov.bd, ই-মেইলঃ info@pcb.gov.bd



স্মারক নং: পিসিবি/২১৪২/(১)

তারিখঃ ০৫ ফাল্গুন ১৪২৬  
১৮ ফেব্রুয়ারী ২০২০



## শোক বার্তা

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ফার্মেসী বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. শরীফ মোহাম্মদ শাহীন (বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন নম্বর এ-১৪০৩) অদ্য ১৮.০২.২০২০ তারিখ দুরারোগ্য ক্যান্সারে আক্রান্ত হয়ে চেল্লাই এর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর অকাল মৃত্যুতে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের সদস্যবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারী গভীরভাবে মর্মান্বিত ও শোকাভিভূত। ফার্মেসী শিক্ষার অগ্রগতি ও গুরুত্বপূর্ণ অবদানের জন্য আমরা তাঁর প্রতি কৃতজ্ঞ।

আমরা মরহুমের শোকসন্তপ্ত পরিবারের সদস্য ও স্বজনের প্রতি গভীর সহমর্মিতা ও সমবেদনা জ্ঞাপন করছি এবং পরম করুণাময় মহান আল্লাহ রাক্বুল আলামীনের কাছে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি।

(মুহাম্মদ মাহবুবুল হক)

সচিব

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল